রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ২২, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ০৩ অগ্রহায়ণ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৮ নভেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং ৪০৮-আইন/২০২৬।—বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন আইন, ২০২৩ (২০২৩ সনের ৫২ নং আইন) এর ধারা ১৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বিধিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(১) "**আইন**" অর্থ বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন আইন, ২০২৩ (২০২৩ সনের ৫২ নং আইন);

(২) "**আপিল কমিটি**" অর্থ আইনের ধারা ১১ এর অধীন গঠিত চলচ্চিত্র সার্টিফিকেশন আপিল কমিটি;

(৩) "**আবেদনকারী**" অর্থ এইরূপ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান, যিনি কোনো চলচ্চিত্র জনসাধারণের মধ্যে, যে কোনো মাধ্যমে, প্রদর্শনের নিমিত্ত সংশ্লিষ্ট চলচ্চিত্রের অনুকূলে সার্টিফিকেশন গ্রহণের জন্য আবেদন করেন;

(৪) "**উপপরিচালক**" অর্থ বোর্ডের উপপরিচালক, এবং সাময়িকভাবে উক্ত পদের দায়িত্ব পালনকারী ব্যক্তিও উহার অন্তর্ভুক্ত হইবেন;

মূল্য : টাকা ৫২.০০

(৫) "**চলচ্চিত্র**" অর্থ সেলুলয়েড, অ্যানালগ, ডিজিটাল বা অন্য কোনো মাধ্যমে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, কার্টুনচিত্র, অ্যানিমেশনচিত্র, এবং সরকার কর্তৃক, সময় সময়, আদেশ দ্বারা নির্ধারিত কোনো চলচ্চিত্রও উহার অন্তর্ভুক্ত হইবে;

(৬) "**চলচ্চিত্র পরিদর্শক**" অর্থ বোর্ডের চলচ্চিত্র পরিদর্শক;

(৭) "**চেয়ারম্যান**" অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(৮) "**তফসিল**" অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(৯) "**দেশি চলচ্চিত্র**" অর্থ বাংলাদেশি কোনো নাগরিক বা রেজিস্ট্রিকৃত কোনো কোম্পানি কর্তৃক, দেশে বা বিদেশে, অধিকাংশ বাংলাদেশি শিল্পী ও কলাকুশলীর দ্বারা অথবা, সরকারের অনুমতি সাপেক্ষে, প্রয়োজনীয় সংখ্যক বিদেশি শিল্পী ও কলাকুশলীর দ্বারা নির্মিত চলচ্চিত্র;

(১০) "**পরীক্ষণ ফি**" বা "**স্ক্রিনিং ফি**" অর্থ তফসিল-৪ এর টেবিলে উল্লিখিত পরীক্ষণ ফি বা স্ক্রিনিং ফি;

(১১) "**প্রচার সামগ্রী**" অর্থ আইনের ধারা ৭ এ উল্লিখিত কোনো প্রচার সামগ্রী;

(১২) "**ফরম**" অর্থ তফসিল-১ এর কোনো ফরম;

(১৩) "**বিদেশি চলচ্চিত্র**" অর্থ বিদেশ হইতে আমদানিকৃত চলচ্চিত্র;

(১৪) "**বোর্ড**" অর্থ আইনের ধারা ৩ এর অধীন গঠিত বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড;

(১৫) "**বোর্ড কার্যালয়**" অর্থ বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড এর কার্যালয়;

(১৬) "**ভাইস চেয়ারম্যান**" অর্থ বোর্ডের ভাইস চেয়ারম্যান;

(১৭) "**লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ**" অর্থ প্রেক্ষাগৃহের ক্ষেত্রে Cinematograph Act, 1918 এর ধারা ৪ বর্ণিত ডেপুটি কমিশনার এবং ডিজিটাল মাধ্যমের ক্ষেত্রে বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন;

(১৮) "**লাইসেন্সপ্রাপ্ত স্থান**" অর্থ এইরূপ কোনো স্থান, যাহা চলচ্চিত্র প্রদর্শনের জন্য Cinematograph Act, 1918 এর অধীন লাইসেন্সপ্রাপ্ত, এবং বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন কর্তৃক অনুমোদিত যে কোনো ডিজিটাল মাধ্যমও উহার অন্তর্ভুক্ত হইবে; এবং

(১৯) "**সার্টিফিকেশন**" অর্থ আইনের ধারা ৫ এর উপ-ধারা (৩) এর অধীন প্রদেয় সার্টিফিকেশন।

৩। **বোর্ডের গঠন**।—আইনের ধারা ৩ এর উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড গঠিত হইবে, যথা:—

(ক) সিনিয়র সচিব বা, ক্ষেত্রমত, সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) অতিরিক্ত সচিব (চলচ্চিত্র), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;

(গ) আইন ও বিচার বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঘ) প্রধানমন্ত্রীর কার্যালয় বা, ক্ষেত্রমত, প্রধান উপদেষ্টার কার্যালয় কর্তৃক মনোনীত উহার প্রেস উইং এর অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঙ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(চ) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন;

(ছ) বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক পরিবেশক সমিতি কর্তৃক মনোনীত, উহার একজন প্রতিনিধি বা একজন প্রথিতযশা প্রযোজক;

(জ) বাংলাদেশ চলচ্চিত্র পরিচালক সমিতি কর্তৃক মনোনীত, উহার একজন প্রতিনিধি বা একজন প্রথিতযশা পরিচালক;

(ঝ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক মনোনীত চলচ্চিত্র বিষয়ক একজন দেশীয় কারিগরি বিশেষজ্ঞ, চিত্রগ্রাহক বা সম্পাদক;

(ঞ) বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতি কর্তৃক মনোনীত, উহার একজন প্রতিনিধি বা একজন স্বনামধন্য অভিনেতা বা অভিনেত্রী;

(ট) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন প্রথিতযশা চলচ্চিত্র সাংবাদিক, লেখক, সমালোচক বা চিত্রনাট্যকার;

(ঠ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন দেশীয় স্বনামধন্য গীতিকার, সুরকার বা সঙ্গীত পরিচালক;

(ড) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন প্রথিতযশা চলচ্চিত্র গবেষক, শিক্ষক বা চলচ্চিত্র ব্যক্তিত্ব;

(ঢ) বাংলাদেশ চলচ্চিত্র প্রদর্শক সমিতি কর্তৃক মনোনীত উহার একজন প্রতিনিধি; এবং

(ণ) ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

৪। **বোর্ডের কার্যালয়**।—ঢাকায়, সরকার কর্তৃক নির্ধারিত স্থানে, বোর্ডের কার্যালয় অবস্থিত হইবে।

৫। **চলচ্চিত্র সার্টিফিকেশনের আবেদন**।—(১) কোনো চলচ্চিত্রের অনুকূলে সার্টিফিকেশন গ্রহণের জন্য সংশ্লিষ্ট চলচ্চিত্রের প্রযোজক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে, এই বিধিমালার বিধান সাপেক্ষে, ফরম-১ অনুযায়ী বোর্ডের ওয়েবসাইট এর মাধ্যমে অনলাইনে অথবা সরাসরি বোর্ড কার্যালয়ে আবেদনপত্র দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো আবেদনপত্র দাখিলের ক্ষেত্রে, আবেদনপত্রের সহিত,—

(ক) ফরম-২ এর "সহায়ক তথ্য ফরম" পূরণ করিয়া, তফসিল-২ এ উল্লিখিত প্রযোজ্য কাগজপত্র, দলিলাদি ও ইনস্ট্রুমেন্টসহ, সংযুক্ত করিতে হইবে; এবং

(খ) বোর্ডের অনুকূলে, প্রযোজ্য পরীক্ষণ ফি ও স্ক্রিনিং ফি জমা প্রদান করিয়া উহার মূল কপি সংযুক্ত করিতে হইবে।

৬। **চলচ্চিত্র পরীক্ষণ ও সার্টিফিকেশনে অনুসরণীয় নীতিমালা**।—বোর্ড, চলচ্চিত্র পরীক্ষণ ও সার্টিফিকেশনের ক্ষেত্রে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান, বিদ্যমান আইন, বিধিমালা ও নীতিমালা এবং এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত নির্দেশাবলি অনুসরণ করিবে।

৭। **চলচ্চিত্র পরীক্ষণ ও সার্টিফিকেশনে বোর্ডের কার্যপদ্ধতি**।—(১) বোর্ড, কোনো চলচ্চিত্রের সার্টিফিকেশনের আবেদন প্রাপ্ত হইলে, উহার সভা আহ্বান করিয়া, আইনের ধারা ৫ এর উপ-বিধি (২) এর আলোকে, সংশ্লিষ্ট চলচ্চিত্র পরীক্ষা করিবে।

(২) বোর্ডের সদস্য-সচিব, উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, চেয়ারম্যানের সহিত আলোচনা করিয়া, সংশ্লিষ্ট চলচ্চিত্র পরীক্ষণের তারিখ, সময়, স্থান ও পরীক্ষণসূচি নির্ধারণ করিবেন এবং তদনুযায়ী উপপরিচালক বোর্ড সভার নোটিশ জারি করিবেন:

তবে শর্ত থাকে যে, সভা অনুষ্ঠানের অন্যূন ১ (এক) দিন পূর্বে বোর্ডের প্রত্যেক সদস্য এবং আবেদনকারী বরাবর নোটিশ প্রেরণ করিতে হইবে।

(৩) বোর্ডের সভা চেয়ারম্যানের সভাপতিত্বে অনুষ্ঠিত হইবে, তবে চেয়ারম্যানের অনুপস্থিতিতে অতিরিক্ত সচিব (চলচ্চিত্র), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বোর্ডের সভায় সভাপতিত্ব করিতে পারিবেন।

(৪) চেয়ারম্যান কর্মস্থলে অনুপস্থিত থাকিলে অথবা অসুস্থতা বা অন্য কোনো কারণে আইন ও এই বিধিমালার অধীনে তাহার ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালনে অসমর্থ হইলে, অতিরিক্ত সচিব (চলচ্চিত্র), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, চেয়ারম্যানের দায়িত্ব পালন করিবেন।

(৫) বোর্ডের সিদ্ধান্ত উহার সভায় উপস্থিত উহার সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে:

তবে শর্ত থাকে যে, বোর্ডের মোট সদস্য সংখ্যার অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি ব্যতীত বোর্ডের সভার কোরাম পূর্ণ হইবে না।

(৬) বোর্ড অথবা চেয়ারম্যান, প্রয়োজনে, আবেদনকৃত কোনো চলচ্চিত্র যাচাই-বাছাইপূর্বক মতামত প্রদানের জন্য বোর্ডের সদস্যগণের মধ্য হইতে তিন বা ততোধিক সদস্যের সমন্বয়ে কমিটি গঠন করিতে পারিবেন অথবা সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের মতামত গ্রহণ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, চলচ্চিত্রের মালিকানাস্বত্ব সুরক্ষার নিমিত্ত, উক্ত কমিটি অথবা বিশেষজ্ঞ ব্যক্তি বা প্রতিষ্ঠান বোর্ড কার্যালয়ের প্রজেকশন হল ব্যতীত অন্য কোনো স্থানে সংশ্লিষ্ট চলচ্চিত্র পরীক্ষা করিতে পারিবেন না।

(৭) উপ-বিধি (৬) এ উল্লিখিত কমিটি অথবা বিশেষজ্ঞ ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক কোনো চলচ্চিত্র পরীক্ষা করা হইলে, উক্ত কমিটি অথবা বিশেষজ্ঞ ব্যক্তি বা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড বা, ক্ষেত্রমত, চেয়ারম্যানের নিকট উহার মতামত বা প্রতিবেদন দাখিল করিবেন এবং উক্ত মতামত বা প্রতিবেদনের ভিত্তিতে বোর্ড সংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৮) বোর্ড, কোনো চলচ্চিত্র জনসাধারণের মধ্যে প্রদর্শন উপযোগী মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিলে, সংশ্লিষ্ট চলচ্চিত্রের অনুকূলে, তৎকর্তৃক নির্ধারিত ফরমে, তফসিল-৩ অনুসরণপূর্বক রেটিং বা মূল্যায়ন প্রতীকসহ সার্টিফিকেশন প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, কোনো চলচ্চিত্রকে তফসিল-৩ এ উল্লিখিত ক্যাটাগরিতে রেটিং বা মূল্যায়ন করা না গেলে, সংশ্লিষ্ট বিষয়ে বিদ্যমান আন্তর্জাতিক মানদণ্ড বিবেচনায় লইয়া, নূতন রেটিং বা মূল্যায়ন প্রতীক যুক্ত করিয়া সার্টিফিকেশন প্রদান করা যাইবে:

আরও শর্ত থাকে যে, বোর্ড কর্তৃক প্রদত্ত রেটিং বা মূল্যায়নের বিষয়ে সংশ্লিষ্ট চলচ্চিত্রের প্রযোজক বা স্বত্বাধিকারীর কোনো আপত্তি থাকিলে এই বিধিমালার বিধান অনুযায়ী আপিল কমিটির নিকট আপিল করিতে পারিবেন, অন্যথায় বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৯) বোর্ড, তফসিল-৩ এ উল্লিখিত রেটিং এর আওতায়, কোনো চলচ্চিত্রকে জনসাধারণের মধ্যে প্রদর্শন উপযোগী নয় মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিলে, সংশ্লিষ্ট চলচ্চিত্রের সার্টিফিকেশনের আবেদন বাতিল বা অগ্রাহ্য করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কোনো চলচ্চিত্রের সার্টিফিকেশনের আবেদন বাতিল বা অগ্রাহ্য করা হইলে, সিদ্ধান্ত গ্রহণের অনধিক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে, কারণ উল্লেখ করিয়া, আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(১০) উপ-বিধি (৯) এ যাহা কিছুই থাকুক না কেন, যেক্ষেত্রে চেয়ারম্যানের নিকট প্রতীয়মান হইবে যে, কোনো চলচ্চিত্রের সার্টিফিকেশনের আবেদন অগ্রাহ্য করিবার পূর্বে বিষয়টি অধিকতর যাচাই-বাছাইপূর্বক মতামত প্রদানের জন্য কমিটি গঠন করা প্রয়োজন, সেইক্ষেত্রে তিনি, বোর্ডের সদস্যগণের মধ্য হইতে তিন বা ততোধিক সদস্য সমন্বয়ে কমিটি গঠন করিতে পারিবেন।

(১১) উপ-বিধি (১০) এর অধীন গঠিত কমিটির মতামত প্রাপ্তির পর চূড়ান্ত সিদ্ধান্তে উপনীত হইবার পূর্বে বোর্ড, প্রয়োজন মনে করিলে, সংশ্লিষ্ট চলচ্চিত্র পূর্বে পরীক্ষা করেননি বোর্ডের এইরূপ সদস্যগণের মধ্য হইতে তিন বা ততোধিক সদস্য সমন্বয়ে নূতন কমিটি গঠন করিয়া বিষয়টি পুনঃপরীক্ষার উদ্যোগ গ্রহণ করিতে পারিবে।

(১২) উপ-বিধি (১১) এর অধীন গঠিত কমিটি কর্তৃক কোনো চলচ্চিত্র পুনঃপরীক্ষা করিয়া উপ-বিধি (১০) এর অধীন গঠিত কমিটির মতামতের বিপক্ষে কোনো মতামত প্রদান করিলে, অথবা উভয় কমিটির মতামতের মধ্যে মতপার্থক্য দেখা দিলে, বিষয়টি বোর্ড কর্তৃক পুনরায় পরীক্ষা করিয়া সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, বিবেচ্য ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের জন্য বোর্ডের দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে।

(১৩) সার্টিফিকেশনপ্রাপ্ত চলচ্চিত্রের প্রযোজক বা স্বত্বাধিকারীকে, সার্টিফিকেশন প্রদানের ক্ষেত্রে বোর্ড কর্তৃক প্রদত্ত পর্যবেক্ষণ, যদি থাকে, প্রতিপালন করিতে হইবে এবং প্রতিপালনকৃত পর্যবেক্ষণসমূহ ফরম-৩ অনুযায়ী বোর্ড কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে।

৮। **আমদানিকৃত চলচ্চিত্রের সার্টিফিকেশন এবং সার্টিফিকেশনপ্রাপ্ত চলচ্চিত্র রপ্তানি**।—(১) বিদেশি চলচ্চিত্র আমদানি করিতে হইলে, সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত আমদানি নীতি আদেশ প্রতিপালন করিতে হইবে এবং সংশ্লিষ্ট বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনাপত্তি গ্রহণ করিতে হইবে।

(২) আমদানিকৃত চলচ্চিত্রের প্রিন্ট বা হার্ড ড্রাইভ বিমানবন্দর কাস্টমস হাউজ হইতে ছাড়করণের লক্ষ্যে বোর্ড কার্যালয় হইতে অনাপত্তি গ্রহণ করিতে হইবে এবং এতদুদ্দেশ্যে, সংশ্লিষ্ট আমদানিকারককে, ফরম-৪ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(৩) বোর্ড কার্যালয় হইতে অনাপত্তিপত্র প্রাপ্তির পর একজন চলচ্চিত্র পরিদর্শকের উপস্থিতিতে আমদানিকৃত চলচ্চিত্রের প্রিন্ট বা হার্ড ড্রাইভ বিমানবন্দর কাস্টমস হাউজ হইতে ছাড় করাইতে হইবে এবং ছাড়করণের পর সংশ্লিষ্ট চলচ্চিত্র পরিদর্শকসহ আমদানিকারক বা তাহার প্রতিনিধিকে সরাসরি বোর্ড কার্যালয়ে উপস্থিত হইয়া, কাস্টমস ক্লিয়ারেন্স সংক্রান্ত কাগজপত্রসহ, ছাড়কৃত চলচ্চিত্রের প্রিন্ট বা হার্ড ড্রাইভ উপপরিচালকের নিকট জমা প্রদান করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো চলচ্চিত্র ছাড় করা হইলে, সংশ্লিষ্ট চলচ্চিত্র পরিদর্শক কাস্টমস ছাড়করণ সংক্রান্ত একটি লিখিত প্রতিবেদন ভাইস চেয়ারম্যান বরাবর দাখিল করিবেন।

(৫) আমদানিকৃত চলচ্চিত্রের অনুকূলে সার্টিফিকেশন গ্রহণের জন্য, এই বিধির বিধান সাপেক্ষে, বিধি ৫ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(৬) উপ-বিধি (৫) এর অধীন আবেদনপত্র দাখিলের ক্ষেত্রে, আবেদনকারীকে আমদানি সংশ্লিষ্ট কাগজপত্র (এক্সামিনেশন রিপোর্ট, অ্যাসেসমেন্ট নোটিশ, এয়ারওয়ে বিল, বিল অব এন্ট্রি, ইনভয়েজ, এলসিএ, আমদানি লাইসেন্স বা পারমিট, আমদানিকৃত চলচ্চিত্রের সার্টিফিকেশন সনদ বা সার্টিফিকেট অব অরিজিন, চুক্তিপত্র ও প্রেসবুক)-সহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি এফিডেভিট আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

(৭) সরকার কর্তৃক, সময় সময়, জারিকৃত রপ্তানি নীতি প্রতিপালন এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনাপত্তি সাপেক্ষে, সার্টিফিকেশনপ্রাপ্ত চলচ্চিত্র রপ্তানি করা যাইবে।

(৮) সার্টিফিকেশনপ্রাপ্ত চলচ্চিত্র রপ্তানির অনাপত্তি গ্রহণের জন্য সংশ্লিষ্ট চুক্তিপত্র, এলসিএ বা টিটি, রপ্তানির লাইসেন্স বা পারমিট এবং সার্টিফিকেশন কপি সংযুক্ত করিয়া তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বরাবর আবেদন করিতে হইবে।

৯। **যৌথ প্রযোজনায় চলচ্চিত্র নির্মাণ এবং সার্টিফিকেশন**।—(১) যৌথ প্রযোজনায় চলচ্চিত্র নির্মাণ সংক্রান্ত বিদ্যমান নীতিমালা অথবা এতদ্‌বিষয়ে সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত নির্দেশনা অনুসরণপূর্বক বাংলাদেশের সহিত কূটনৈতিক সম্পর্ক রহিয়াছে এইরূপ এক বা একাধিক দেশের সহিত যৌথ প্রযোজনায় চলচ্চিত্র নির্মাণ করা যাইবে।

(২) যৌথ প্রযোজনায় চলচ্চিত্র নির্মাণের পূর্বে সংশ্লিষ্ট বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৩) সাধারণভাবে যৌথ প্রযোজনায় চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে প্রধান চরিত্রের অভিনয় শিল্পী এবং মুখ্য কারিগরি কর্মীসহ অন্যান্য শিল্পী ও কলাকুশলী, যতদূর সম্ভব, সমানুপাতিক হারে নিয়োগ করিতে হইবে।

(৪) যৌথ প্রযোজনায় নির্মিত চলচ্চিত্রের শ্যুটিং এর লোকেশন, যতদূর সম্ভব, সংশ্লিষ্ট দেশসমূহে সমানুপাতিক হারে হইতে হইবে।

(৫) যৌথ প্রযোজনায় নির্মিত চলচ্চিত্রের সকল প্রচার সামগ্রীতে যৌথ প্রযোজনার বিষয়টি সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে এবং উভয় দেশের শিল্পী ও কলাকুশলীদের নাম ও ছবি সমান গুরুত্ব সহকারে উল্লেখ বা প্রদর্শন করিতে হইবে।

(৬) যৌথ প্রযোজনায় নির্মিত চলচ্চিত্রের ভাষা উহার নির্মাতা কর্তৃক নির্ধারিত হইবে, তবে বাংলা ভাষা ব্যতীত অন্য কোনো ভাষায় নির্মিত চলচ্চিত্র বাংলাদেশে প্রদর্শনের ক্ষেত্রে বাংলায় এবং আন্তর্জাতিক পর্যায়ে প্রদর্শনের ক্ষেত্রে ইংরেজি ভাষায় ডাবিং বা সাব-টাইটেল থাকিতে হইবে।

(৭) যৌথ প্রযোজনায় কোনো চলচ্চিত্র নির্মাণ করা হইলে, উক্ত চলচ্চিত্র জনসাধারণের মধ্যে প্রদর্শনের পূর্বে, সার্টিফিকেশন গ্রহণের নিমিত্ত, এই বিধির বিধান সাপেক্ষে, বিধি ৫ অনুযায়ী আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, যৌথ প্রযোজনায় চলচ্চিত্র নির্মাণ সংক্রান্ত প্রযোজ্য সকল শর্ত পূরণ করা হইয়াছে মর্মে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের সংশ্লিষ্ট বাছাই কমিটির প্রত্যয়নপত্র আবেদনপত্রের সহিত জমা প্রদান করিতে হইবে।

১০। **বাংলাদেশস্থ বিদেশি দূতাবাস বা হাইকমিশন কর্তৃক প্রেরিত চলচ্চিত্রের সার্টিফিকেশন, ইত্যাদি**।—(১) বাংলাদেশস্থ কোনো বিদেশি দূতাবাস কোনো গণঅনুষ্ঠানে সংশ্লিষ্ট দেশের কোনো চলচ্চিত্র প্রদর্শন করিতে চাহিলে সংশ্লিষ্ট চলচ্চিত্রের অনুকূলে সার্টিফিকেশন গ্রহণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, বিবেচ্য চলচ্চিত্র পরীক্ষার জন্য পরীক্ষণ ফি ও স্ক্রিনিং ফি প্রদেয় হইবে না।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কারণে কোনো চলচ্চিত্রের অনুকূলে সার্টিফিকেশন প্রদত্ত হইলে, সংশ্লিষ্ট চলচ্চিত্র বাণিজ্যিক উদ্দেশ্যে এবং কোনো প্রেক্ষাগৃহে প্রদর্শন করা যাইবে না মর্মে সার্টিফিকেশনে উল্লেখ করিতে হইবে।

(৩) বাংলাদেশস্থ কোনো বিদেশি দূতাবাস নিজস্ব কূটনৈতিক প্রাঙ্গণ, তথ্য কেন্দ্র অথবা সাংস্কৃতিক কেন্দ্র ব্যতীত অন্য কোনো স্থানে নিজ উদ্যোগে অথবা স্থানীয় চলচ্চিত্র সংসদ বা ফিল্মক্লাবসমূহের সহযোগিতায় উহার কোনো চলচ্চিত্র প্রদর্শন অথবা চলচ্চিত্র উৎসব করিবার ইচ্ছা পোষণ করিলে এতদ্‌বিষয়ে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

(৪) বাংলাদেশস্থ কোনো বিদেশি দূতাবাস সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোনো চ্যারিটি শো করিবার জন্য কোনো সংস্থাকে তাহাদের কোনো চলচ্চিত্র সরবরাহ করিতে পারিবে না।

(৫) কোনো চলচ্চিত্র সংসদ বা ফিল্মক্লাব কর্তৃক আয়োজিত কোনো চলচ্চিত্র উৎসবে প্রদর্শিতব্য বিদেশি চলচ্চিত্র সার্টিফিকেশনের জন্য উৎসব আয়োজনের অন্যূন ১৫ (পনেরো) দিন পূর্বে বোর্ড কার্যালয়ে প্রেরণ করিতে হইবে।

১১। **সার্টিফিকেশনপ্রাপ্ত চলচ্চিত্রের পরিবর্তন**।—(১) সার্টিফিকেশন প্রাপ্তির পর যদি কোনো চলচ্চিত্রের ভাষা, দৃশ্য, গান বা সংলাপ পরিবর্তন, পরিমার্জন বা সংযোজন করা হয়, তাহা হইলে সেই চলচ্চিত্রের অনুকূলে ইতোপূর্বে মঞ্জুরকৃত সার্টিফিকেশন বহাল থাকিবে না এবং উক্ত ক্ষেত্রে চলচ্চিত্রটির অনুকূলে নূতন সার্টিফিকেশন গ্রহণের জন্য ফরম-৫ অনুযায়ী পুনরায় আবেদন করিতে হইবে।

(২) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, পরিবর্তন, পরিমার্জন বা সংযোজনের ফলে কোনো চলচ্চিত্রের অনুকূলে ইতোপূর্বে মঞ্জুরকৃত সার্টিফিকেশনে উল্লিখিত উহার দৈর্ঘ্য সীমা অতিক্রম করিলে, কেবল অতিরিক্ত দৈর্ঘ্যের জন্য পরীক্ষণ ফি ও স্ক্রিনিং ফি জমা প্রদান করিতে হইবে এবং দৈর্ঘ্য সীমা অতিক্রম না করিলে কেবল স্ক্রিনিং ফি প্রদেয় হইবে।

(৩) বোর্ড, উপ-বিধি (১) এর অধীন কোনো আবেদন প্রাপ্ত হইলে, এই বিধিমালার বিধান অনুযায়ী সংশ্লিষ্ট চলচ্চিত্র পরীক্ষা করতঃ তফসিল-৩ অনুযায়ী মূল্যায়ন প্রতীকসহ সার্টিফিকেশন মঞ্জুর করিবে।

১২। **সার্টিফিকেশনবিহীন এবং সাময়িক স্থগিত, বাতিল বা বাজেয়াপ্তকৃত চলচ্চিত্রের পরিবর্তিত সংস্করণ**।—(১) বোর্ড বা আপিল কমিটি কর্তৃক কোনো চলচ্চিত্রের সার্টিফিকেশনের আবেদন বাতিল করা হইলে অথবা আইনের ধারা ৮ ও ৯ মোতাবেক কোনো চলচ্চিত্রের সার্টিফিকেশন সাময়িক স্থগিত, বাতিল বা বাজেয়াপ্ত করা হইলে, উক্ত চলচ্চিত্রের প্রয়োজনীয় পরিবর্তন, পরিমার্জন বা সংশোধন করিয়া পরিবর্তিত সংস্করণের অনুকূলে সার্টিফিকেশন গ্রহণের জন্য ফরম-৬ অনুযায়ী আবেদন করা যাইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো আবেদনপত্র দাখিলের ক্ষেত্রে উহার সহিত বোর্ডের অনুকূলে প্রযোজ্য পরীক্ষণ ফি ও স্ক্রিনিং ফি জমা প্রদান করিতে হইবে।

১৩। **সার্টিফিকেশনের ডুপ্লিকেট কপি**।—(১) কোনো চলচ্চিত্রের অনুকূলে প্রদত্ত সার্টিফিকেশন হারাইয়া গেলে বা বিনষ্ট হইয়া গেলে উহার ডুপ্লিকেট কপি প্রদান করা যাইবে।

(২) কোনো চলচ্চিত্রের সার্টিফিকেশন হারাইয়া গেলে সংশ্লিষ্ট বিষয়ে এখতিয়ারাধীন থানায় সাধারণ ডায়েরি করিতে হইবে।

(৩) সার্টিফিকেশনের ডুপ্লিকেট কপির জন্য প্রযোজ্য ফি বোর্ডের অনুকূলে জমা প্রদান করিতে হইবে।

(৪) সার্টিফিকেশনের ডুপ্লিকেট কপির জন্য প্রযোজ্য ফি বাবদ জমাকৃত অর্থের 'এ' চালানের মূল কপিসহ, ক্ষেত্রমত, সাধারণ ডায়েরির কপি বা বিনষ্ট সার্টিফিকেশনের মূলকপিসহ ভাইস চেয়ারম্যান বরাবর আবেদন করিতে হইবে।

১৪। **পরীক্ষণ ফি, স্ক্রিনিং ফি, সার্টিফিকেশনের ডুপ্লিকেট কপির ফি, ইত্যাদি**।—(১) এই বিধিমালার অধীনে কোনো চলচ্চিত্রের অনুকূলে সার্টিফিকেশন গ্রহণের আবেদনপত্র দাখিলের ক্ষেত্রে আবেদনকারীকে তফসিল-৪ এর টেবিলে উল্লিখিত হারে প্রযোজ্য পরীক্ষণ ফি ও স্ক্রিনিং ফি জমা প্রদান করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোনো বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউটের ছাত্র বা প্রশিক্ষণার্থী কর্তৃক নির্মিত চলচ্চিত্রের ক্ষেত্রে পরীক্ষণ ফি ও স্ক্রিনিং ফি হইবে মূল ফি এর ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ):

তবে শর্ত থাকে যে, উক্ত ক্ষেত্রে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউটের বিভাগীয় প্রধানের মাধ্যমে আবেদনপত্র জমা প্রদান করিতে হইবে।

(৩) সার্টিফিকেশনের ডুপ্লিকেট কপির ফি হইবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।

(৪) এই বিধিতে উল্লিখিত প্রদেয় সকল ফি 'এ' চালানের মাধ্যমে বোর্ডের অনুকূলে ব্যাংকে জমা প্রদান করিতে হইবে।

(৫) এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, সরকার, সময় সময়, আদেশ দ্বারা, পরীক্ষণ ফি, স্ক্রিনিং ফি ও সার্টিফিকেশনের ডুপ্লিকেট কপির ফি এর হার পুনঃনির্ধারণ করিতে পারিবে।

১৫। **প্রচার সামগ্রী অনুমোদন**।—(১) সার্টিফিকেশনপ্রাপ্ত অথবা নির্মাণাধীন কোনো চলচ্চিত্রের কোনো প্রচার সামগ্রী গণমাধ্যম বা অন্য কোনো মাধ্যমে প্রদর্শন বা প্রচারের পূর্বে বোর্ডের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংশ্লিষ্ট চলচ্চিত্রের প্রযোজক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে, ক্ষেত্রমত, ফরম-৭, ফরম-৮ বা ফরম-৯ অনুযায়ী বোর্ডের ওয়েবসাইট এর মাধ্যমে অনলাইনে অথবা সরাসরি বোর্ড কার্যালয়ে আবেদনপত্র দাখিল করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন কোনো আবেদনপত্র দাখিলের ক্ষেত্রে, তফসিল-২ এ উল্লিখিত প্রযোজ্য কাগজপত্র, দলিলাদি ও ইনস্ট্রুমেন্টসহ, বোর্ডের অনুকূলে, প্রযোজ্য পরীক্ষণ ফি ও স্ক্রিনিং ফি জমা প্রদান করিয়া উহার মূল কপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

(৪) চেয়ারম্যান, প্রয়োজনে, আবেদনকৃত কোনো প্রচার সামগ্রী যাচাই-বাছাইপূর্বক মতামত প্রদানের জন্য বোর্ডের সদস্যগণের মধ্য হইতে তিন বা ততোধিক সদস্যের সমন্বয়ে কমিটি গঠন করিতে পারিবেন অথবা সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের মতামত গ্রহণ করিতে পারিবেন।

(৫) নির্মাণাধীন চলচ্চিত্রের কোনো প্রচার সামগ্রী অনুমোদনের জন্য দাখিলকৃত আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট চলচ্চিত্রের প্রযোজক বা স্বত্বাধিকারীকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এইমর্মে অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে যে, উক্ত প্রচার সামগ্রীতে যেসকল শিল্পী বা কলাকুশলীর অংশগ্রহণ রহিয়াছেন, সার্টিফিকেশনের জন্য আবেদিত চলচ্চিত্রেও সেইসকল শিল্পী বা কলাকুশলীর অংশগ্রহণ থাকিবে।

(৬) নির্মাণাধীন কোনো চলচ্চিত্রের অনুমোদিত প্রচার সামগ্রীতে যে সকল শিল্পী বা কলাকুশলীর অংশগ্রহণ থাকিবে, মৃত্যু কিংবা অনিবার্য কোনো কারণ ব্যতীত, সার্টিফিকেশনের জন্য আবেদিত উক্ত চলচ্চিত্রে সেই সকল শিল্পী বা কলাকুশলীর অংশগ্রহণ না থাকিলে, বিষয়টি উপ-বিধি (৫) এর লঙ্ঘন হিসাবে বিবেচিত হইবে এবং তজ্জন্য চলচ্চিত্রটি সার্টিফিকেশন প্রাপ্তির অযোগ্য হইবে।

(৭) উপ-বিধি (৪) এর অধীন গঠিত কমিটি অথবা মনোনীত বিশেষজ্ঞ ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক কোনো প্রচার সামগ্রী পরীক্ষা করা হইলে, উক্ত কমিটি অথবা মনোনীত ব্যক্তি বা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট পরীক্ষণ প্রতিবেদন বা মতামত বোর্ডের নিকট উপস্থাপন করিবেন।

(৮) কোনো প্রচার সামগ্রী, আইন ও এই বিধিমালার বিধান সাপেক্ষে, জনসাধারণের মধ্যে, ক্ষেত্রমত, প্রদর্শন বা প্রচারের উপযোগী বিবেচিত হইলেই কেবল উহা অনুমোদনযোগ্য হইবে।

(৯) অনুমোদনের জন্য আবেদনকৃত কোনো প্রচার সামগ্রী সর্বসাধারণের মধ্যে প্রদর্শন বা, ক্ষেত্রমত, প্রচারের উপযোগী নয় মর্মে প্রতীয়মান হইলে, বোর্ড সংশ্লিষ্ট আবেদন বাতিল করিবে:

তবে শর্ত থাকে যে, কোনো প্রচার সামগ্রী অনুমোদনের আবেদন বাতিল করা হইলে, কারণ উল্লেখ করিয়া, অনধিক ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে, আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(১০) এই বিধিতে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, আইনের ধারা ৭ এর উপ-ধারা (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড কর্তৃক চলচ্চিত্রের ট্রেইলার, এবং ট্রেইলার ব্যতীত অন্যান্য প্রচার সামগ্রী বোর্ড বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি অনুমোদন করিতে পারিবেন।

১৬। **সার্টিফিকেশন বাতিল ও প্রচার সামগ্রী বাজেয়াপ্তকরণ, ইত্যাদি**।—(১) যেইরূপে কোনো চলচ্চিত্রের সার্টিফিকেশন মঞ্জুর হইবে এবং কোনো প্রচার সামগ্রী অনুমোদিত হইবে, তাহা কোনো ধরনের সংযোজন, বিয়োজন বা টেম্পারিং করিয়া ভিন্ন আকারে প্রদর্শন বা, ক্ষেত্রমত, প্রচার করা হইলে, চেয়ারম্যান সংশ্লিষ্ট চলচ্চিত্রের সার্টিফিকেশন এবং ভাইস চেয়ারম্যান সংশ্লিষ্ট প্রচার সামগ্রীর অনুমোদন বাতিল করিতে পারিবেন।

(২) আইনের ধারা ৮ ও ৯ এর অধীনে, ক্ষেত্রমত, কোনো চলচ্চিত্রের সার্টিফিকেশন সাময়িকভাবে স্থগিত হইলে অথবা কোনো চলচ্চিত্র সার্টিফিকেশনবিহীন চলচ্চিত্র হিসাবে ঘোষিত হইলে অথবা কোনো চলচ্চিত্রের সার্টিফিকেশন বাতিল বা বাজেয়াপ্ত হইলে, সংশ্লিষ্ট চলচ্চিত্রের প্রচার সামগ্রীর অনুমোদনও স্বয়ংক্রিয়ভাবে, ক্ষেত্রমত, সাময়িক স্থগিত, বাতিল বা বাজেয়াপ্ত হইয়া যাইবে।

(৩) আইনের ধারা ৯ এর উপ-ধারা (২) ও (৩) এর অধীনে কোনো চলচ্চিত্র বা প্রচার সামগ্রী বাজেয়াপ্ত করা হইলে এবং জব্দকৃত আলামত পরীক্ষার জন্য বোর্ড কার্যালয়ে প্রেরণ করা হইলে, বোর্ড কার্যালয় নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করিবে, যথা:—

(ক) জব্দকৃত চলচ্চিত্র বা প্রচার সামগ্রী পরীক্ষার জন্য বোর্ড সভায় উপস্থাপন করিবে; এবং

(খ) জব্দকৃত চলচ্চিত্র বা প্রচার সামগ্রী বোর্ড কর্তৃক পরীক্ষার পর পরীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট আদালতে প্রেরণ করিবে।

(৪) উপ-বিধি (৩) এর দফা (খ) এ উল্লিখিত পরীক্ষণ প্রতিবেদনে যদি প্রতীয়মান হয় যে, জব্দকৃত চলচ্চিত্র বা প্রচার সামগ্রী আইন বা এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করিয়া প্রদর্শন করা হইয়াছে, তাহা হইলে বোর্ড সংশ্লিষ্ট চলচ্চিত্রের সার্টিফিকেশন এবং প্রচার সামগ্রীর অনুমোদন বাতিল করিবে।

(৫) এই বিধির অধীনে কোনো চলচ্চিত্রের সার্টিফিকেশন বাতিল করা হইলে এবং বাতিলের কারণ অশ্লীল দৃশ্য সংযোজন বিষয়ক হইলে, উক্ত দৃশ্যে অভিনয়ের জন্য, সংশ্লিষ্ট চলচ্চিত্রের প্রযোজক ও পরিচালকসহ অভিনয়কারী শিল্পীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে বোর্ড তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে সুপারিশ প্রেরণ করিবে।

১৭। **সার্টিফিকেশনপ্রাপ্ত চলচ্চিত্র রিকল এবং সাময়িকভাবে স্থগিতকৃত চলচ্চিত্রের পুনঃপরীক্ষণ**।—(১) সরকার, জনস্বার্থে, যদি মনে করে যে, সার্টিফিকেশনপ্রাপ্ত কোনো চলচ্চিত্র প্রদর্শনের পূর্বে কিংবা প্রদর্শনকালীন পুনঃপরীক্ষা করা প্রয়োজন, তাহা হইলে সরকারের নির্দেশে চেয়ারম্যান সংশ্লিষ্ট চলচ্চিত্র পুনরায় পরীক্ষা জন্য রিকল করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীনে কোনো চলচ্চিত্র রিকল করা হইলে, বোর্ড উহা পুনরায় পরীক্ষা করিবে এবং পরীক্ষান্তে যদি মনে করে যে, চলচ্চিত্রটি জনসাধারণের মধ্যে প্রদর্শিত হইলে কোনো নির্দিষ্ট শিল্প, জাতিসত্তা, গোষ্ঠী, পেশা, পারিবারিক ও সামাজিক মূল্যবোধ, মুক্তিযুদ্ধের চেতনা, স্বাধীনতা, অখণ্ডতা, সার্বভৌমত্ব অথবা আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে নেতিবাচক প্রভাব ফেলিতে পারে অথবা কোনো জনগোষ্ঠীর ধর্মীয় অনুভূতিতে আঘাত আনিতে পারে, তাহা হইলে বোর্ড উক্ত চলচ্চিত্রের সার্টিফিকেশন বাতিল করিতে পারিবে।

(৩) আইনের ধারা ৮ এর অধীন সাময়িকভাবে স্থগিতকৃত কোনো চলচ্চিত্র সার্টিফিকেশনবিহীন চলচ্চিত্র হিসাবে ঘোষণা করিবার পূর্বে সরকার যদি মনে করে যে, চলচ্চিত্রটি পুনঃপরীক্ষা করা প্রয়োজন, তাহা হইলে চলচ্চিত্রটি পুনরায় পরীক্ষার জন্য বোর্ডকে নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রাপ্ত নির্দেশনার প্রেক্ষিতে বোর্ড সংশ্লিষ্ট চলচ্চিত্র পুনঃপরীক্ষা করিবে এবং এতদ্বিষয়ে উহার মতামত বা প্রতিবেদন সরকারকে অবহিত করিবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন বোর্ডের নিকট হইতে প্রাপ্ত মতামত বা প্রতিবেদনের ভিত্তিতে সরকার সাময়িকভাবে স্থগিতকৃত চলচ্চিত্রকে সার্টিফিকেশবিহীন চলচ্চিত্র হিসাবে ঘোষণা অথবা সাময়িক স্থগিতাদেশ প্রত্যাহারের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং উক্তক্ষেত্রে সরকার, প্রয়োজন মনে করিলে, সংশ্লিষ্ট চলচ্চিত্রের প্রযোজকের বক্তব্য শ্রবণ করিতে পারিবে।

(৬) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, এই বিধির অধীন কোনো চলচ্চিত্র পুনঃপরীক্ষার ক্ষেত্রে পরীক্ষণ ও স্ক্রিনিং ফি আদায় করা যাইবে না।

১৮। **পুনর্বিবেচনার আবেদন**।—(১) কোনো চলচ্চিত্রের সার্টিফিকেশন আইনের ধারা ৮ এর অধীন সাময়িকভাবে স্থগিত করা হইলে সংক্ষুব্ধ ব্যক্তি, স্থগিতাদেশ প্রদানের তারিখ হইতে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে, আদেশটি পুনর্বিবেচনার জন্য চেয়ারম্যান বরাবর আবেদন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো আবেদন প্রাপ্তির পর, বোর্ডের নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে,—

(ক) স্থগিতাদেশটি প্রত্যাহার করিবার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে, তাহা হইলে সংশ্লিষ্ট চলচ্চিত্রের সার্টিফিকেশনের উপর প্রদত্ত সাময়িক স্থগিতাদেশটি প্রত্যাহার করিতে পারিবে; এবং

(খ) স্থগিতাদেশটি প্রত্যাহার করিবার যুক্তিসঙ্গত কারণ নাই, তাহা হইলে কারণ উল্লেখপূর্বক, সংশ্লিষ্ট চলচ্চিত্রের সার্টিফিকেশন স্থায়ীভাবে বাতিলের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বরাবর সুপারিশ প্রেরণ করিবে।

(৩) উপ-বিধি (২) এর দফা (খ) এর অধীন সুপারিশ প্রাপ্তির পর তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংশ্লিষ্ট চলচ্চিত্রের প্রযোজক বা, ক্ষেত্রমত, স্বত্বাধিকারীকে কারণ দর্শাইবার সুযোগ প্রদান করিয়া,-

(ক) জবাব সন্তোষজনক হইলে, চলচ্চিত্রটির সার্টিফিকেশনের উপর প্রদত্ত সাময়িক স্থগিতাদেশ প্রত্যাহার করিতে পারিবে; এবং

(খ) জবাব সন্তোষজনক না হইলে, চলচ্চিত্রটির সার্টিফিকেশন স্থায়ীভাবে বাতিল করিতে পারিবে।

(৪) কোনো চলচ্চিত্রকে আইনের ধারা ৮ এর উপ-ধারা (৫) এর অধীন সার্টিফিকেশনবিহীন চলচ্চিত্র হিসাবে ঘোষণা করা হইলে অথবা কোনো চলচ্চিত্রের সার্টিফিকেশন আইনের ধারা ৯ এর উপ-ধারা (১) এর অধীন বাতিল করা হইলে সংক্ষুব্ধ ব্যক্তি, বাতিল আদেশ প্রদানের তারিখ হইতে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে, আদেশটি পুনর্বিবেচনার জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বরাবর আবেদন করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীনে প্রাপ্ত কোনো আবেদনের প্রেক্ষিতে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে,—

(ক) আদেশটি প্রত্যাহার করিবার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে, তাহা হইলে সংশ্লিষ্ট আদেশ প্রত্যাহার করিতে পারিবে; এবং

(খ) আদেশটি প্রত্যাহার করিবার যুক্তিসঙ্গত কারণ নাই, তাহা হইলে কারণ উল্লেখপূর্বক, সংশ্লিষ্ট চলচ্চিত্রের সার্টিফিকেশন স্থায়ীভাবে বাতিল করিতে পারিবে।

(৬) এই বিধির অধীন কোনো চলচ্চিত্রের সার্টিফিকেশন স্থায়ীভাবে বাতিল করা হইলে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্থায়ীভাবে বাতিলকৃত চলচ্চিত্রটি, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সমগ্র বাংলাদেশের জন্য সার্টিফিকেশনবিহীন চলচ্চিত্র হিসাবে ঘোষণা করিবে।

১৯। **আপিল**।—(১) বোর্ডের কোনো সিদ্ধান্ত দ্বারা সংক্ষুব্ধ কোনো ব্যক্তি, বোর্ডের সিদ্ধান্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, ফরম-১০ অনুযায়ী তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে আপিল দায়ের করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন আপিল আবেদন দাখিলের ক্ষেত্রে, বোর্ডের অনুকূলে প্রযোজ্য স্ক্রিনিং ফি জমা প্রদান করিয়া উহার মূল কপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন কোনো আপিল দায়ের করা হইলে, আইনের ধারা ১২ এর উপ-ধারা (২) এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট আপিল নিষ্পত্তি করিতে হইবে।

২০। **আপিল কমিটি গঠন, ইত্যাদি**।—(১) আইনের ধারা ১১ এর উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে চলচ্চিত্র সার্টিফিকেশন আপিল কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) সিনিয়র সচিব বা, ক্ষেত্রমত, সচিব, আইন ও বিচার বিভাগ;

(গ) সিনিয়র সচিব বা, ক্ষেত্রমত, সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;

(ঘ) সিনিয়র সচিব বা, ক্ষেত্রমত, সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়;

(ঙ) কোনো বিশ্ববিদ্যালয়ের ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগের বিভাগীয় প্রধান (অধ্যাপকের নিম্নে নহে);

(চ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন প্রতিথযশা চলচ্চিত্র নির্মাতা; এবং

(ছ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন প্রতিথযশা চলচ্চিত্র অভিনেতা বা অভিনেত্রী।

(২) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় আপিল কমিটির সাচিবিক দায়িত্ব পালন করিবে।

(৩) আপিল কমিটির সভা উহার সভাপতির সভাপতিত্বে অনুষ্ঠিত হইবে, তবে সভাপতির অনুপস্থিতিতে, তৎকর্তৃক মনোনীত, আপিল কমিটির কোনো সদস্য সভাপতিত্ব করিতে পারিবেন।

(৪) আপিল কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(৫) আপিল কমিটির সিদ্ধান্ত উহার সভায় উপস্থিত উহার সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে:

তবে শর্ত থাকে যে, আপিল কমিটির অন্যূন ৪ (চার) জন সদস্যের উপস্থিতি ব্যতীত সভার কোরাম পূর্ণ হইবে না।

২১। **বাংলাদেশী চলচ্চিত্রে বিদেশি শিল্পী ও কলাকুশলীদের অংশগ্রহণ এবং বিদেশে দৃশ্য ধারণ**।—(১) বাংলাদেশী চলচ্চিত্রে বিদেশি কোনো অভিনয়শিল্পী, কলাকুশলী বা সংগীত শিল্পী অংশগ্রহণ করিলে, প্রযোজকের সহিত উক্ত অভিনয়শিল্পী, কলাকুশলী বা সংগীত শিল্পীর সম্পাদিত চুক্তিপত্র বোর্ড কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত চুক্তিপত্রের সহিত সংশ্লিষ্ট অভিনয় শিল্পী, কলাকুশলী বা সংগীত শিল্পীর দেশের সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা কর্তৃপক্ষের প্রযোজ্য অনুমতিপত্র, যদি থাকে, জমা প্রদান করিতে হইবে।

(৩) বিদেশি কোনো অভিনয়শিল্পী, কলাকুশলী বা সংগীত শিল্পী বাংলাদেশে যে চলচ্চিত্রের জন্য চুক্তিবদ্ধ হইবেন, সেই চলচ্চিত্র ব্যতীত তিনি অন্য কোনো চলচ্চিত্রে অভিনয় বা কাজ করিতে পারিবেন না।

(৪) বাংলাদেশী চলচ্চিত্রে অভিনয় বা, ক্ষেত্রমত, কাজের জন্য বিদেশি অভিনয়শিল্পী, কলাকুশলী বা সংগীত শিল্পী বাংলাদেশের কোন্ স্থানে এবং কতদিন অবস্থান করিবেন, ইত্যাদি আনুষঙ্গিক বিষয়াদি উপ-বিধি (১) এ উল্লিখিত চুক্তিপত্রে উল্লেখ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, চুক্তিপত্রে উল্লিখিত সময়ের পরেও সংশ্লিষ্ট অভিনয়শিল্পী, কলাকুশলী বা সংগীত শিল্পীর বাংলাদেশে অবস্থানের প্রয়োজন হইলে, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুমতিসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

(৫) কোনো বিদেশি অভিনয়শিল্পী, কলাকুশলী বা সংগীত শিল্পী বাংলাদেশের কোনো চলচ্চিত্রে অংশগ্রহণ করিলে চুক্তি অনুযায়ী উক্ত অভিনয়শিল্পী, কলাকুশলী বা সংগীত শিল্পীকে প্রদত্ত পারিশ্রমিক বা সম্মানির ওপর সরকার কর্তৃক নির্ধারিত হারে উৎসে আয়কর প্রদানের প্রমানকসহ জাতীয় রাজস্ব বোর্ডের এতৎসংক্রান্ত পত্র বোর্ড কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে।

(৬) বিদেশে বাংলাদেশী চলচ্চিত্রের দৃশ্য ধারণের ক্ষেত্রে বাংলাদেশী অভিনয়শিল্পী, কলাকুশলী বা সংগীত শিল্পীসহ সংশ্লিষ্টদেরকে বিদেশে গমনের পূর্বে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করিতে হইবে।

২২। **বিদেশে অনুষ্ঠিত চলচ্চিত্র উৎসব**।—(১) বোর্ড, বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন কর্তৃক আয়োজিত চলচ্চিত্র উৎসবে অথবা সরকারের মাধ্যমে বিদেশি চলচ্চিত্র উৎসবে প্রদর্শনের লক্ষ্যে, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট চলচ্চিত্রের ডিভাইস, অনাপত্তি এবং উৎসবে যোগদানের জন্য, প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট চলচ্চিত্রের প্রযোজক কর্তৃক পূরণকৃত ফরম সংগ্রহপূর্বক তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করিবে।

(২) বিদেশে অনুষ্ঠিত চলচ্চিত্র উৎসবে অংশগ্রহণের জন্য মনোনীত প্রযোজক, পরিচালক, শিল্পী ও কলাকুশলীদের সমন্বয়ের লক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক গঠিত প্রতিনিধিদলে বোর্ড কার্যালয়ের প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করিতে হইবে।

২৩। **চলচ্চিত্র প্রদর্শনের আনুপাতিক সংখ্যা**।—(১) কোনো লাইসেন্সপ্রাপ্ত স্থানের মালিক বা স্বত্বাধিকারী তৎকর্তৃক প্রদর্শিত বাৎসরিক সর্বমোট চলচ্চিত্রের ৬০% (শতকরা ষাট ভাগ) দেশি চলচ্চিত্র এবং ৪০% (শতকরা চল্লিশ ভাগ) বিদেশি চলচ্চিত্র প্রদর্শন করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে উল্লিখিত হারের অতিরিক্ত বিদেশি চলচ্চিত্র প্রদর্শন করা যাইবে।

(২) কোনো লাইসেন্সপ্রাপ্ত স্থানের মালিক বা স্বত্বাধিকারী, উপ-বিধি (১) এ উল্লিখিত হারের অতিরিক্ত বিদেশি চলচ্চিত্র প্রদর্শনে আগ্রহী হইলে, তাহাকে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বরাবর আবেদন করিতে হইবে।

(৩) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, উপ-বিধি (২) এর অধীন প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে, সুনির্দিষ্ট হার উল্লেখ করিয়া বিদেশি চলচ্চিত্র প্রদর্শনের অনুমতি প্রদান করিতে পারিবে, যাহা বাৎসরিক প্রদর্শিত সর্বমোট চলচ্চিত্রের ৬০% (শতকরা ষাট ভাগ) এর অধিক হইবে না:

তবে শর্ত থাকে যে, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, জনস্বার্থে, যে কোনো সময় উক্ত অনুমোদন বাতিল করিতে পারিবে।

(৪) লাইসেন্সপ্রাপ্ত স্থানের মালিক বা স্বত্বাধিকারীকে, বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে, আবশ্যিকভাবে প্রতি মাসে তৎকর্তৃক প্রদর্শিত চলচ্চিত্রের প্রতিবেদন বোর্ড কার্যালয়ে প্রেরণ করিতে হইবে।

(৫) বোর্ড, কোনো লাইসেন্সপ্রাপ্ত স্থানের মালিক বা স্বত্বাধিকারী উপ-বিধি (৪) এর বিধান অনুযায়ী প্রতিবেদন প্রেরণ না করিলে, সংশ্লিষ্ট লাইসেন্স বাতিলের জন্য লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট সুপারিশ প্রেরণ করিবে।

২৪। **চলচ্চিত্র প্রদর্শনে বিশেষ নির্দেশনা**।—(১) প্রেক্ষাগৃহে বা ডিজিটাল মাধ্যমে কোনো চলচ্চিত্র প্রদর্শনের প্রারম্ভে অবিচ্ছেদ্য অংশ হিসাবে সংশ্লিষ্ট চলচ্চিত্রের অনুকূলে প্রদত্ত সার্টিফিকেশন প্রদর্শন করিতে হইবে।

(২) প্রেক্ষাগৃহ বা ডিজিটাল মাধ্যমে চলচ্চিত্র প্রদর্শনের প্রারম্ভে কোনো চলচ্চিত্রের সার্টিফিকেশন প্রদর্শন করা না হইলে সংশ্লিষ্ট প্রেক্ষাগৃহের লাইসেন্স বা, ক্ষেত্রমত, ডিজিটাল মাধ্যমে চলচ্চিত্র প্রদর্শনের অনুমতি বাতিলের জন্য বোর্ড সংশ্লিষ্ট লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর সুপারিশ প্রদান করিবে।

(৩) কোনো চলচ্চিত্রে তামাকজাত দ্রব্য ব্যবহারের দৃশ্য প্রদর্শনকালে পর্দার মধ্যখানে পর্দার আকারের অন্যূন এক-পঞ্চমাংশ স্থান জুড়িয়া কালো ব্যাকগ্রাউন্ডের উপর সাদা অক্ষরে "ধূমপান/তামাক সেবন মৃত্যু ঘটায়" শীর্ষক স্বাস্থ্য সতর্কবাণী প্রদর্শন করিতে হইবে এবং সংশ্লিষ্ট দৃশ্য যতক্ষণ চলিবে, ততক্ষণ পর্যন্ত সতর্কবাণী প্রদর্শন অব্যাহত রাখিতে হইবে।

(৪) প্রেক্ষাগৃহে চলচ্চিত্র প্রদর্শনের ক্ষেত্রে, তামাকজাত দ্রব্য ব্যবহারের দৃশ্য রহিয়াছে এইরূপ চলচ্চিত্র আরম্ভ হইবার পূর্বে, বিরতির অব্যবহিত পূর্বে ও পরে এবং চলচ্চিত্র প্রদর্শনের শেষে, অন্যূন ২০ (বিশ) সেকেন্ড সময় ধরিয়া, প্রেক্ষাগৃহের সম্পূর্ণ পর্দা জুড়িয়া "ধূমপান/তামাক সেবন মৃত্যু ঘটায়" শীর্ষক সতর্কবাণী প্রদর্শন করিতে হইবে।

(৫) প্রেক্ষাগৃহ ব্যতীত টেলিভিশন বা অন্য কোনো মাধ্যমে প্রদর্শিত চলচ্চিত্রে তামাকজাত দ্রব্য ব্যবহারের দৃশ্য থাকিলে ২ (দুই) টি বিজ্ঞাপন বিরতির মধ্যখানে প্রথম বিজ্ঞাপন বিরতির পর অর্থাৎ উক্ত অংশ আরম্ভ হইবার পূর্বে এবং দ্বিতীয় বিজ্ঞাপন বিরতির পূর্বে অর্থাৎ উক্ত অংশ শেষ হইবার পর সম্পূর্ণ পর্দা জুড়িয়া কালো ব্যাকগ্রাউন্ডের উপর সাদা অক্ষরে "ধূমপান/তামাক সেবন মৃত্যু ঘটায়" শীর্ষক সতর্কবাণী, অন্যূন ১০ (দশ) সেকেন্ড সময় ধরিয়া, প্রদর্শন করিতে হইবে।

(৬) কোনো চলচ্চিত্রে বন্যপ্রাণী ব্যবহারের দৃশ্য থাকিলে, উক্তরূপ দৃশ্য যতক্ষণ চলিবে ততক্ষণ পর্যন্ত, "চলচ্চিত্র নির্মাণকালে কোনো বন্যপ্রাণীকে আঘাত করা হয়নি" শীর্ষক বিশেষ সতর্কবাণী, পর্দার মধ্যখানে পর্দার আকারের অন্যূন এক-পঞ্চমাংশ স্থান জুড়িয়া কালো ব্যাকগ্রাউন্ডের উপর সাদা অক্ষরে প্রদর্শন করিতে হইবে।

(৭) কোনো চলচ্চিত্রে মাদকদ্রব্য ব্যবহারের দৃশ্য থাকিলে, উক্তরূপ দৃশ্য যতক্ষণ চলিবে ততক্ষণ পর্যন্ত, "মাদক সেবন স্বাস্থ্যের জন্য ক্ষতিকর" শীর্ষক বিশেষ সতর্কবাণী, পর্দার মধ্যখানে পর্দার আকারের অন্যূন এক-পঞ্চমাংশ স্থান জুড়িয়া কালো ব্যাকগ্রাউন্ডের উপর সাদা অক্ষরে প্রদর্শন করিতে হইবে।

২৫। **লাইসেন্সপ্রাপ্ত স্থানে প্রবেশাধিকার।**—(১) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান অথবা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি, দায়িত্ব পালনের জন্য অথবা আইন এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, লাইসেন্সপ্রাপ্ত স্থানে প্রবেশ করিতে পারিবেন এবং প্রদর্শনকালে কোনো চলচ্চিত্র পরীক্ষা করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন লাইসেন্সপ্রাপ্ত স্থান পরিদর্শন সংক্রান্ত মতামত লিপিবদ্ধ করিবার জন্য লাইসেন্সপ্রাপ্ত স্থানের মালিক বা স্বত্বাধিকারীকে পরিদর্শন বহি সংরক্ষণ করিতে হইবে।

২৬। **চলচ্চিত্র প্রদর্শনের ক্ষেত্রে বিধি লঙ্ঘনে করণীয়।**—(১) বোর্ডের কোনো সদস্য, অথবা চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যানের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তির নিকট নির্ভরযোগ্য কোনো সূত্রে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যদি প্রতীয়মান হয় যে, কোনো চলচ্চিত্র প্রদর্শন বা প্রচারকার্যে আইন বা এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘিত হইয়াছে, তাহা হইলে যথাপোযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য তিনি বিষয়টি চেয়ারম্যান অথবা ভাইস চেয়ারম্যান বরাবর লিখিত প্রতিবেদন দাখিল করিবেন।

(২) লাইসেন্সপ্রাপ্ত স্থান পরিদর্শনকালে উপ-বিধি (১) এ উল্লিখিত ব্যক্তির নিকট যদি প্রতীয়মান হয় যে, এই বিধির কোনো বিধান লঙ্ঘন করিয়া চলচ্চিত্র প্রদর্শন বা প্রচারকার্য পরিচালনা করা হইয়াছে বা হইতেছে, তাহা হইলে তিনি বিধি লঙ্ঘনের দায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বরাবর প্রতিবেদন দাখিল করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন প্রাপ্ত প্রতিবেদনের প্রেক্ষিতে প্রযোজ্য ক্ষেত্রে চলচ্চিত্র বা প্রচারসামগ্রী জব্দ করিবার জন্য সংশ্লিষ্ট জেলা তথ্য অফিসার কিংবা সংশ্লিষ্ট থানার পরিদর্শকের নিম্নে নহে এমন কর্মকর্তাকে ভাইস চেয়ারম্যান নির্দেশ প্রদান করিবেন।

(৪) উপ-বিধি (২) এর অধীন চলচ্চিত্র বা প্রচারসামগ্রী জব্দকারী কর্মকর্তা সংশ্লিষ্ট থানায় মামলা রুজু করিয়া জব্দকৃত চলচ্চিত্র বা প্রচারসামগ্রী আলামত হিসেবে আদালতে দাখিল করিবেন এবং আদালতের মাধ্যমে প্রাপ্ত আলামতের বিষয়ে আইনের ধারা ৯ এবং বিধি ৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিবেন।

২৭। **চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, উপপরিচালক, ইত্যাদির নিয়োগ এবং তাহাদের দায়িত্ব।**—(১) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বা, ক্ষেত্রমত, সচিব পদাধিকারবলে বোর্ডের চেয়ারম্যান হইবেন।

(২) সরকার, তৎকর্তৃক স্থিরীকৃত শর্তে, প্রজাতন্ত্রের চাকরিতে নিয়োজিত কর্মচারীগণের মধ্য হইতে একজনকে ভাইস চেয়ারম্যান এবং একজনকে উপপরিচালক নিয়োগ প্রদান করিবে।

(৩) সরকার, বোর্ডের কার্যক্রম পরিচালনার সুবিধার্থে, প্রয়োজনীয় সংখ্যক চলচ্চিত্র পরিদর্শক এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে, যাহারা চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানের সরাসরি নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে কাজ করিবেন।

(৪) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, উপপরিচালক এবং চলচ্চিত্র পরিদর্শকগণ এই বিধিমালার অধীন নির্ধারিত দায়িত্বসহ সরকার কর্তৃক, সময় সময়, নির্দেশিত ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলি সম্পাদন করিবেন।

(৫) চেয়ারম্যান, এই বিধিমালার অধীন তাহার যে কোনো ক্ষমতা ও কার্যাবলি, তৎকর্তৃক নির্ধারিত শর্তে, ভাইস চেয়ারম্যানকে অর্পণ করিতে পারিবেন।

২৮। **উপপরিচালকের কার্যাবলি**।—উপপরিচালক নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবেন, যথা:—

(ক) চলচ্চিত্রের সার্টিফিকেশন এবং প্রচার সামগ্রী অনুমোদন সংক্রান্ত আবেদনপত্র গ্রহণ ও বোর্ডের সভায় উপস্থাপনের জন্য প্রক্রিয়াকরণ;

(খ) সার্টিফিকেশনের জন্য জমাকৃত চলচ্চিত্র এবং অনুমোদনের জন্য জমাকৃত প্রচার সামগ্রী ও প্রাসঙ্গিক কাগজপত্র যাচাই-বাছাই করিয়া পরীক্ষণ ও সিদ্ধান্তের জন্য বোর্ডের সভায় উপস্থাপন;

(গ) বোর্ডের সভা ও আপিল কমিটির সভায় উপস্থিত থাকা এবং বোর্ড ও আপিল কমিটির সিদ্ধান্ত মোতাবেক কার্যবিবরণী প্রস্তুত করা;

(ঘ) চলচ্চিত্র পরীক্ষণকার্যে বোর্ড ও আপিল কমিটির সদস্যগণকে সহায়তা করা;

(ঙ) চলচ্চিত্র পরীক্ষণ বিষয়ে আইন ও এই বিধিমালার বিধানাবলিসহ সরকার কর্তৃক, সময় সময়, জারিকৃত নির্দেশাবলি এবং চলচ্চিত্র সংশ্লিষ্ট অন্যান্য আইন ও বিধি-বিধান সর্ম্পকে বোর্ড ও আপিল কমিটির সদস্যগণকে অবহিতকরণ;

(চ) বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক সার্টিফিকেশন প্রস্তুতকরণ অথবা, প্রযোজ্য ক্ষেত্রে, বোর্ডের সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রযোজককে পত্র মারফত অবহিতকরণ;

(ছ) দেশীয় এবং আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আয়োজনে সার্বিক সহায়তা প্রদান;

(জ) জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদান বিষয়ক জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান;

(ঝ) লাইসেন্সপ্রাপ্ত স্থান পরিদর্শন, কার্যক্রম মনিটরিং এবং পরিদর্শন সুপারিশ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ;

(ঞ) সার্টিফিকেশনপ্রাপ্ত চলচ্চিত্রের কপি সংরক্ষণ;

(ট) প্রযোজ্য ক্ষেত্রে, বোর্ড ও সংশ্লিষ্ট কমিটির সিদ্ধান্তসহ নিম্নবর্ণিত বিষয়ে সরকার বরাবর প্রতিবেদন প্রেরণ, যথা:—

(অ) বোর্ড কর্তৃক বাতিলকৃত আবেদনপত্র;

(আ) মূল্যায়ন প্রতীকসহ সার্টিফিকেশনপ্রাপ্ত চলচ্চিত্র;

(ই) আইন ও বিধি লঙ্ঘনের দায়ে গৃহীত ব্যবস্থা; এবং

(ঠ) ভাইস চেয়ারম্যানকে দায়িত্ব পালনে সার্বিক সহযোগিতা প্রদান।

২৯। **চলচ্চিত্র পরিদর্শকের কার্যাবলি**।—চলচ্চিত্র পরিদর্শক নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবেন, যথা:—

(ক) চলচ্চিত্র সার্টিফিকেশনের জন্য প্রাপ্ত আবেদনপত্র ও ডিভাইস যাচাই-বাছাইকরণ এবং পরীক্ষণের লক্ষ্যে সার্টিফিকেশন সূচিভুক্তির জন্য নথি উপস্থাপন;

(খ) চলচ্চিত্র পরীক্ষণ কার্যক্রম এবং তৎপরবর্তীতে খসড়া কার্যবিবরণী প্রস্তুতকরণে উপপরিচালককে সহায়তা প্রদান;

(গ) বোর্ড ও উহার কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত চলচ্চিত্র প্রযোজক বা স্বত্বাধিকারীকে অবহিতকরণের লক্ষ্যে পত্র প্রেরণের জন্য নথি উপস্থাপন;

(ঘ) চলচ্চিত্রের সার্টিফিকেশন ও প্রচার সামগ্রী অনুমোদনের জন্য নথি উপস্থাপন;

(ঙ) মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্র ও প্রচার সামগ্রী লাইসেন্সপ্রাপ্ত স্থানে আইন ও বিধি লঙ্ঘন করিয়া প্রদর্শন বা প্রচার করা হইতেছে কি না তাহা পরিদর্শন;

(চ) লাইসেন্সপ্রাপ্ত স্থান পরিদর্শন করিয়া পরিদর্শন প্রতিবেদন দাখিল এবং আইন ও এই বিধিমালা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদান;

(ছ) আমদানিকৃত চলচ্চিত্রের ডিভাইস বিমানবন্দর কাস্টমস হাউজ হইতে ছাড়করণে অর্পিত দায়িত্ব পালন এবং ছাড়কৃত ডিভাইস ও আমদানি সংক্রান্ত কাগজপত্রসহ উপপরিচালকের নিকট প্রতিবেদন দাখিল;

(জ) দেশীয় এবং আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আয়োজনে সার্বিক সহায়তা প্রদান; এবং

(ঝ) ভাইস চেয়ারম্যান কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

৩০। **বোর্ডের সদস্য, আপিল কমিটির সদস্য এবং উপপরিচালকসহ সার্টিফিকেশন কাজের সহিত সংশ্লিষ্ট বোর্ড কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সম্মানী**।—(১) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, বোর্ডের সদস্য, আপিল কমিটির সদস্য, উপপরিচালক এবং বিশেষজ্ঞ ব্যক্তি বা ব্যক্তিবর্গ, যদি থাকেন, ক্ষেত্রমত, বোর্ড, আপিল কমিটি বা বোর্ডের কোনো কমিটির সভায় অংশগ্রহণের জন্য সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত হারে সম্মানি প্রাপ্য হইবেন।

(২) চলচ্চিত্রের সার্টিফিকেশন কার্যক্রমের সহিত প্রত্যক্ষভাবে জড়িত বোর্ড কার্যালয়ের চলচ্চিত্র পরিদর্শক, প্রজেকশনিস্ট ও সহায়ক কর্মচারীগণ দায়িত্ব পালনের জন্য সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত হারে সম্মানি প্রাপ্য হইবেন।

(৩) উপ-বিধি (১) ও (২) এ উল্লিখিত ব্যয় বোর্ড কার্যালয়ের অনুকূলে মঞ্জুরীকৃত বাজেট বরাদ্দ হইতে সংকুলান করা হইবে।

৩১।**কপি সংরক্ষণ**।—(১) বোর্ড কার্যালয়, সার্টিফিকেশনের জন্য যে চলচ্চিত্র জমা প্রদান করা হইবে, উহার একটি কপি (পেনড্রাইভ, হার্ডড্রাইভ বা অন্য কোনো মাধ্যমে) সংরক্ষণ করিবে।

(২) বোর্ড কার্যালয়, কোনো চলচ্চিত্রের অনুকূলে সার্টিফিকেশন মঞ্জুর করা হইলে, তৎকর্তৃক নির্ধারিত প্রতীক সংবলিত সার্টিফিকেশনসহ সংশ্লিষ্ট চলচ্চিত্রের একটি কপি সংরক্ষণ করিবে।

(৩) দীর্ঘ মেয়াদে সংরক্ষণ ও গবেষণা কাজের সুবিধার্থে, প্রত্যেক চলচ্চিত্র মুক্তি দেওয়ার তারিখ হইতে পরবর্তী ৯ (নয়) মাসের মধ্যে, উহার Digital Cinema Package (DCP)/High Resolution ফরমেটের একটি কপি প্রযোজক কর্তৃক বোর্ড কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে।

(৪) বোর্ড কার্যালয়, উপ-বিধি (৩) এর অধীন প্রাপ্ত চলচ্চিত্রসমূহের কপি প্রতি ৬ (ছয়) মাস অন্তর অন্তর বাংলাদেশ ফিল্ম আর্কাইভে প্রেরণ করিবে।

৩২। **কার্যবিবরণীর রেকর্ড**।—বোর্ড কার্যালয়, বোর্ড এবং আপিল কমিটির সভার কার্যবিবরণী যথাযথভাবে রেকর্ড ও সংরক্ষণ করিবে।

৩৩। **রেজিস্টার সংরক্ষণ**।—উপপরিচালক প্রয়োজনীয় সংখ্যক রেজিস্টার সংরক্ষণ করিবেন, যাহাতে নিম্নবর্ণিত বিবরণী লিপিবদ্ধ থাকিবে, যথা:—

(ক) চলচ্চিত্রের নাম, চলচ্চিত্রের প্রকৃতি, জমাকৃত ডিভাইসের ধরন ও সংখ্যা, প্রযোজক ও পরিচালকের নাম, আবেদনের তারিখ, প্রযোজনা প্রতিষ্ঠান এবং, ক্ষেত্রমত, আমদানিকারী ও রপ্তানিকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা; এবং

(খ) চলচ্চিত্র পরীক্ষণের তারিখ, উপস্থিত বোর্ড সদস্যের নাম, সার্টিফিকেশন নম্বর ও তারিখ, সার্টিফিকেশন গ্রহণকারীর নাম, পদবি, স্বাক্ষর, তারিখ ও মোবাইল ফোন নম্বর।

৩৪। **সরকারের নিকট বাৎসরিক বিবরণী পেশ**।—(১) বোর্ড, প্রতি বৎসর জানুয়ারি মাসের মধ্যে, তৎকর্তৃক পূর্ববর্তী বৎসরে সম্পাদিত কার্যাবলীর বিবরণ সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, সরকার, প্রয়োজনে, যে কোনো সময় বোর্ডের যে কোনো বিষয়ের উপর প্রতিবেদন বা বিবরণী দাখিলের জন্য বোর্ডকে নির্দেশনা প্রদান করিতে পারিবে এবং বোর্ড সে মোতাবেক সরকারের নিকট প্রতিবেদন বা বিবরণী দাখিল করিতে বাধ্য থাকিবে।

৩৫। **হিসাব**।—(১) সরকারের প্রচলিত বিধি-বিধান মোতাবেক বোর্ডের হিসাব সংরক্ষিত ও নিরীক্ষিত হইবে।

(২) বোর্ড প্রত্যেক অর্থ বৎসর পূর্ববর্তী অর্থ-বৎসরে 'এ' চালান এর মাধ্যমে প্রাপ্ত রাজস্ব আয়ের হিসাব সরকার বরাবর পেশ করিবে।

৩৬। **অব্যাহতি প্রদানের ক্ষমতা**।—সরকার, লিখিত আদেশ দ্বারা, তৎকর্তৃক আরোপিত শর্ত এবং বিধিনিষেধ সাপেক্ষে, যে কোনো চলচ্চিত্রকে এই বিধিমালার সকল বা যে কোনো বিধানের প্রতিপালন হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

৩৭। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ**।—(১) এই বিধিমালা প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে।

(২) এই বিধিমালার বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

৩৮। **রহিতকরণ ও হেফাজত**।—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে Bangladesh Censorship of Films Rules, 1977, অতঃপর রহিত বিধিমালা বলিয়া উল্লিখিত, রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, রহিত বিধিমালার অধীন—

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) জারিকৃত কোনো প্রজ্ঞাপন, আদেশ, বিজ্ঞপ্তি বা প্রদত্ত কোনো নোটিশ এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, বলবৎ থাকিবে এবং এই বিধিমালার অধীন জারিকৃত বা প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(গ) কোনো কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে;

(ঘ) কোনো চলচ্চিত্রের অনুকূলে প্রদত্ত সার্টিফিকেশন ও প্রচার সামগ্রীর অনুমোদন উহাদের অবশিষ্ট মেয়াদ পর্যন্ত বলবৎ থাকিবে; এবং

(ঙ) নিযুক্ত ভাইস চেয়ারম্যান, উপপরিচালক এবং চলচ্চিত্র পরিদর্শকসহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী, যে পদনামেই অভিহিত হউক, যে শর্তে রহিত বিধিমালার অধীন Bangladesh Films Censor Board এর চাকরিতে নিয়োজিত হইয়াছিলেন, পরিবর্তিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত, একই শর্তে বোর্ডের চাকরিতে নিয়োজিত থাকিবেন।

তফসিল-১

ফরম-১

[বিধি ৫(১) দ্রষ্টব্য]

বরাবর,

উপপরিচালক
বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা।

বিষয়: চলচ্চিত্রের সার্টিফিকেশনের আবেদন।

জনাব,

আমি জনসাধারণের মধ্যে প্রদর্শনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত চলচ্চিত্রের অনুকূলে সার্টিফিকেশন প্রদানের জন্য আবেদন করিতেছি।

২। চলচ্চিত্রটির কাহিনি সংক্ষেপ ও প্রতিটি গানের কথার একটি করিয়া প্রতিলিপি (স্থানীয়ভাবে প্রযোজিত ও মাতৃভাষায় নির্মিত চলচ্চিত্রের ক্ষেত্রে)/ চলচ্চিত্রটির প্রেসবুকের একটি প্রতিলিপি এবং আমদানি সংক্রান্ত দলিলপত্র (আমদানিকৃত চলচ্চিত্রের ক্ষেত্রে) এতৎসঙ্গে সংযুক্ত করা হইল ।

